গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-২ শাখা
www.mopme.gov.bd

নম্বর ৩৮.০০.০০০০.০০৮.১১.০০১.১৮.২৭৭

তারিখ: ১০ ভাদ্র ১৪২৭
২৫ আগস্ট ২০২০

বিজ্ঞপ্তি

কিছু স্বার্থান্বেষী মহল মাঠ পর্যায়ে তথাকথিত প্যানেল হতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগের কথা বলে নিরীহ প্রার্থীদের কাছ থেকে অর্থ আদায় করছে মর্মে বিভিন্ন মাধ্যমে সরকারের গোচরীভূত হয়েছে। এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ৩০/০৭/২০১৮ তারিখ সারাদেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষকের শূন্য পদে নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হয় এবং আবেদন করার শেষ তারিখ ছিল ৩০/০৮/২০১৮। সকল আনুষ্ঠানিকতা পালন করে ৩০/০৬/২০১৯ তারিখ পর্যন্ত সকল শূন্য পদ বিবেচনা করে ১৮,১৪৭টি পদে নিয়োগ প্রদান করা হয়েছে। নিয়োগ বিজ্ঞপ্তিতে কোন প্যানেল করার বিষয় উল্লেখ ছিল না। ফলে এ নিয়োগে কোন প্যানেল বা অপেক্ষমান তালিকা করা হয়নি। সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শূন্যপদে শিক্ষক নিয়োগ একটি রুটিন প্রক্রিয়া। ভবিষ্যতে পদ শূন্য হবে বিবেচনা করে প্যানেল করার কোন সুযোগ নেই।

২। বর্ণিত প্রেক্ষাপটে প্যানেল হতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগ করা হবে মর্মে বিভ্রান্ত হয়ে কোন স্বার্থান্বেষী মহলের প্ররোচনায় কোন প্রকার অর্থ লেনদেন না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। এখানে উল্লেখ্য যে, সম্পূর্ণ নিরপেক্ষ ও স্বচ্ছতার ভিত্তিতে সরকারি বিধি বিধান অনুসারে প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগ করা হয়েছে। এতে অর্থ লেনদেনের কোন সুযোগ নেই।

☐ উপ-পরিচালক.................
☐ সহকারী পরিচালক.................
☐ শিক্ষা অফিসার.................
☐ আইন কর্মকর্তা.................
☐ .................
☐ .................তারিখের মধ্যে নথিতে দিবেন
পরিচালক (পলিসি ও অপা:)

২৫-৮-২০২০
মোঃ আকরাম-আল-হোসেন
সিনিয়র সচিব

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (বিজ্ঞপ্তিটি মাঠ পর্যায়ে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

২) অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

৩) মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট

৪) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো

৫) মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ)

৬) বিভাগীয় কমিশনার (সকল)

৭) যুগ্মসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়